



তারিখ: সেপ্টেম্বর ২৩, ২০২১

স্মারক নং: ববি/রেজি/অবি/৭৩১

অফিস বিজ্ঞপ্তি

(জন্মসনদের মাধ্যমে করোনা ভাইরাসের টিকার নিবন্ধন ও অন্যান্য নির্দেশিকা)

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে জানানো যাচ্ছে যে, সকল শিক্ষার্থীকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ওয়েবসাইটে প্রদানকৃত লিংকের (<https://univac.ugc.gov.bd>) মাধ্যমে অবশ্যই সেপ্টেম্বর ২৭, ২০২১ তারিখের মধ্যে করোনা ভাইরাসের টিকার জন্য প্রাক নিবন্ধন প্রক্রিয়া (জন্মসনদ নম্বর/এনআইডি) সম্পন্ন করতে হবে। করোনা ভাইরাসের টিকার জন্য অবশ্যই করণীয় অন্যান্য নির্দেশিকা নিম্নে উল্লেখ করা হলো:

- যারা একটি ডোজ টিকা দিয়েছেন তাদেরকে উল্লেখিত লিংকে রেজিস্ট্রেশন করতে হবে। পরবর্তীতে দুই ডোজ টিকা নেয়া হলে পুনরায় তথ্য হালনাগাদ করতে হবে।
- জন্মনিবন্ধন দিয়ে রেজিস্ট্রেশন করার পর তথ্যগুলো সুরক্ষা ওয়েবসাইটে পাঠানো হবে। সুরক্ষায় রেজিস্ট্রেশনের জন্য মেসেজ (ইমেইল/মোবাইল) আসলে টিকার জন্য চূড়ান্ত রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর টিকা গ্রহণের মেসেজ আসলে টিকা গ্রহণ করতে হবে এবং তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে।
- জন্মনিবন্ধনটি ১৭ ডিজিটের হতে হবে। জন্মনিবন্ধনটি ১৭ ডিজিটের না থাকলে চেক করতে হবে। কেউ ১৭ ডিজিটের কম সংখ্যা দিয়ে রেজিস্ট্রেশন করলে তা আপডেট করতে হবে। তথ্য ভুল থাকলে সুরক্ষায় রেজিস্ট্রেশন নাও হতে পারে।
- ইমেইল আইডি অবশ্যই সঠিক হতে হবে এবং গ্র্যাকটিভ থাকতে হবে।
- যেকোন সমস্যার সমাধান পেতে উল্লেখিত গ্রুপে জয়েন করুন: <https://facebook.com/groups/univac.support>।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

ড. মো: মহিউদ্দিন
রেজিস্ট্রার।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত), নির্বাহী পরিচালক, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
২. সকল বিভাগ: বিভাগীয় প্রধান/কো-অর্ডিনেটর/প্রোগ্রাম অফিস/নোটিশ বোর্ড
৩. সকল অফিস: কর্মকর্তা
৪. ফেইসবুক
৫. অফিস কপি।